# নভেশন মডেল স্কুল

২য় টিউটোরিয়াল পরীক্ষা-২০২০

শ্রেণি ঃ প্রথম

বিষয় ঃ ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা

## ইবাদত

**১। প্রশ্ন : ইবাদত অর্থ কী ?**

উত্তর ঃ ইবাদত অর্থ গোলামি করা বা আল্লাহর হুকুম পালন করা।

**২। প্রশ্ন : ইবাদত কাকে বলে?**

উাত্তর ঃ আল্লাহ্ ও তাঁর রাসূলের হুকুম মত চলা এবং ইসলামের বিধান অনুসারে কাজ করাকে ইবাদত বলে।

**৩। প্রশ্ন : ইবাদত করলে কে খুশি হন?**

উত্তর ঃ ইবাদত করলে আল্লাহ্ খুশি হন।

**৪। প্রশ্ন : ইবাদতকারী দুনিয়াতে কী পায়?**

উত্তর ঃ ইবাদতকারী দুনিয়াতে শান্তি পায়।

## ওযু

**১। প্রশ্ন : নামাযের আগে কী করতে হয়?**

উত্তর ঃ নামাযের আগে ওযু করতে হয়।

**২। প্রশ্ন : ওযুর ফরজ কয়টি ও কী কী?**

উত্তর ঃ ওযুর ফরজ ৪টি । যথা-

(ক) সমস্ত মুখমন্ডল ধৌত করা,

(খ) দুই হাতের কনুইসহ ধৌত করা,

(গ) মাথা মাসাহ্ করা,

(ঘ) দুই পায়ের টাখনুসহ ধৌত করা ।

## নামায

**১। প্রশ্ন : ইসলামে ইমান আনার পরেই কীসের স্থান?**

উত্তর ঃ ইসলামে ইমান আনার পরেই নামাযের স্থান।

**২। প্রশ্ন : দৈনিক কত ওয়াক্ত নামায ফরজ করা হয়েছে?**

উত্তর ঃ দৈনিক পাঁচ ওয়াক্ত নামায ফরজ করা হয়েছে।

**৩। প্রশ্ন : দৈনিক পাঁচ ওয়াক্ত নামাযের নাম কী?**

উত্তর ঃ দৈনিক পাঁচ ওয়াক্ত নামাযের নাম হলো- ফজর, যোহর, আছর, মাগরিব ও এশা।

## রোযা

**১। প্রশ্ন : রোযা কাকে বলে?**

উত্তর ঃ সুব্হে সাদিক হতে সূর্যাস্ত পর্যন্ত সকল প্রকার পানাহার করা থেকে বিরত থাকাকে রোযা বলে।

**২। প্রশ্ন : কাদের জন্য রোযা রাখা ফরজ করা হয়েছে?**

উত্তর ঃ সকল প্রাপ্তবয়স্ক মুসলিম নর-নারীর ওপর রোযা রাখা ফরজ করা হয়েছে।

**৩। প্রশ্ন : কাদের জন্য রোযা রাখা ফরজ নয় ?**

উত্তর ঃ শিশু, পাগল, মুসাফির ও রুগ্ন ব্যক্তিদের ওপর রোযা রাখা ফরজ নয়।

**৪। প্রশ্ন : কোন মাসে রোযা রাখা ফরজ?**

উত্তর ঃ পবিত্র রমজান মাসে রোযা রাখা ফরজ।

**৫। প্রশ্ন : রোযা আমাদেরকে কী শিক্ষা দেয় ?**

উত্তর ঃ রোযা আমাদেরকে সৎ ও সংযমী হতে শিক্ষা দেয়।

# নভেশন মডেল স্কুল

## বার্ষিক পরীক্ষা-২০২০

## শ্রেণি ঃ প্রথম

## বিষয় ঃ ইসলাম ও নৈতিক শিক্ষা

### আরবি

**১। তানবীনের পরিচয় :**

উত্তর ঃ দুই যবর ( ً ) দুই যের ( ٍ ) ও দুই পেশ ( ٌ ) কে তানবীন বলে।

প্রত্যেক তানবীনের মধ্যে একটি জযম ওয়ালা নূন্ ( نْ ) লুকায়িত আছে। যেমন-

اٍ = اِنْ ، اً = اَنْ

**২। তানবীন যোগে বর্ণ শেখা :**

**দুই যবর ( ً )যোগে**



## দুই যের ( ٍ ) যোগে

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| رٍ | ذٍ | دٍ | خٍ | حٍ | جٍ | ثٍ | تٍ | بٍ | اٍ |
| فٍ | غٍ | عٍ | ظٍ | طٍ | ضٍ | صٍ | شٍ | سٍ | زٍ |
| | يٍ | ءٍ | هٍ | وٍ | نٍ | مٍ | لٍ | كٍ | قٍ |

## দুই পেশ ( ٌ ) যোগে

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| رٌ | ذٌ | دٌ | خٌ | حٌ | جٌ | ثٌ | تٌ | بٌ | اٌ |
| فٌ | غٌ | عٌ | ظٌ | طٌ | ضٌ | صٌ | شٌ | سٌ | زٌ |
| | يٌ | ءٌ | هٌ | وٌ | نٌ | مٌ | لٌ | كٌ | قٌ |

৩। পৃথক হরফ যুক্ত করে শব্দ গঠন কর :

(১) بَ + خِ + لَ = بَخِلَ

(২) قُ + تِ + لَ = قُتِلَ

(৩) جَ + عَ + لَ = جَعَلَ

(৪) خَ + شِ + يَ = خَشِيَ

(৫) خُ + لِ + قَ = خُلِقَ

(৬) عَ + بَ + سَ = عَبَسَ

(৭) كَ + سَ + بَ = كَسَبَ

(৮) حَ + سَ + دَ = حَسَدَ

(৯) نَ + صَ + رَ = نَصَرَ

(১০) قُ + لْ + تُ = قُلْتُ

**৪। শব্দ থেকে হরফ পৃথক কর :**

১) قُتِلَ = قُ + تِ + لَ
২) لَشَتَ = لَ + شَ + تَ
৩) بَيْنَ = بَ + يْ + نَ
৪) فِشِقِ = فِ + شِ + قِ
৫) جَمَعَ = جَ + مَ + عَ
৬) سَعْيَ = سَ + عْ + يَ
৭) خَلْقُ = خَ + لْ + قُ
৮) اَخَذَ = اَ + خَ + ذَ
৯) فُلْقِ = فُ + لْ + قِ
১০) اَمَرَ = اَ + مَ + رَ

**৫। কালিমা শাহাদাত অর্থসহ আরবিতে :**

اَشْهَدُ اَنْ لَّآ اِلٰهَ اِلَّا اللّٰهُ وَحْدَهٗ لَا شَرِيْكَ لَهٗ
وَاَشْهَدُ اَنَّ مُحَمَّدًا عَبْدُهٗ وَرَسُوْلُهٗ

অর্থ ঃ আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া আর কোনো ( সত্য) মাবুদ নেই। তিনি একক, তার কোনো শরীক নেই। আমি আরও সাক্ষ্য দিচ্ছি যে, নিশ্চয়ই মুহাম্মদ (স:) আল্লাহর বান্দা ও রাসূল।

## হজ্জ

**১। প্রশ্ন : হজ্জ শব্দের অর্থ কী?**

উত্তর ঃ হজ্জ শব্দটি আরবি । এর অর্থ সংকল্প করা, ইচ্ছা করা।

**২। প্রশ্ন : কোথায় গিয়ে হজ্জ পালন করতে হয়?**

উত্তর : পবিত্র মক্কা শরীফে গিয়ে হজ্জ পালন করতে হয়।

**৩। প্রশ্ন : হজ্জের ফরজ কয়টি?**

উত্তর ঃ হজ্জের ফরজ তিনটি।

## যাকাত

**১। প্রশ্ন : যাকাত শব্দের অর্থ কী?**

উত্তর ঃ যাকাত শব্দটি আরবি। এর অর্থ পবিত্রতা বা বৃদ্ধি।

**২। প্রশ্ন : প্রত্যেক ধনীর সম্পদে কাদের হক আছে?**

উত্তর ঃ প্রত্যেক ধনীর সম্পদে গরিবের হক আছে।

**৩। প্রশ্ন : কীসের মাধ্যমে সম্পদ পবিত্র হয়।**

উত্তর ঃ যাকাত প্রদানের মাধ্যমে সম্পদ পবিত্র হয়।

**৪। প্রশ্ন : যাকাত কারা পাবে?**

উত্তর ঃ যারা গরিব ও অসহায় তারা যাকাত পাবে।

## আখিরাত

**১। প্রশ্ন : জাহান্নাম কয়টি?**

উত্তর ঃ জাহান্নাম ৭টি।

**২। প্রশ্ন : আখিরাত শব্দের অর্থ কী?**

উত্তর ঃ আখিরাত শব্দের অর্থ পরকাল।

**৩। প্রশ্ন : কেয়ামত কাকে বলে?**

উত্তর ঃ একদিন আল্লাহর হুকুমে পৃথিবীর সবকিছু ধ্বংস হয়ে যাবে। একেই কেয়ামত বলা হয়।

**৪। প্রশ্ন : হাশর কাকে বলে?**

উত্তর ঃ শেষ বিচারের দিনকে হাশর বলে।

**৫। প্রশ্ন : আল্লাহ তা'আলা  কখন আমাদের বিচার করবেন?**

উত্তর ঃ আল্লাহ্ তা'আলা শেষ বিচারের দিন আমাদের বিচার করবেন।

**৬। প্রশ্ন : জান্নাত কী?**

উত্তর ঃ জান্নাত হলো পরম সুখ ও শান্তির স্থান।

**৭। প্রশ্ন : জান্নাত কয়টি?**

উত্তর ঃ জান্নাত ৮টি।

**৮। প্রশ্ন : জাহান্নাম কী ?**

উত্তর ঃ জাহান্নাম হলো চরম কষ্ট ও শাস্তির স্থান।

## ফেরেশতা সম্পর্কীত

**১। প্রশ্ন : ফেরেশতা কিসের তৈরী?**

উত্তর ঃ ফেরেশতারা নূরের তৈরী।

**২। প্রশ্ন : প্রধান ফেরেশতা কতজন?**

উত্তর ঃ প্রধান ফেরেশতা চারজন।

**৩। প্রশ্ন : প্রধান চারজন ফেরেশতার নাম কী?**

উত্তর ঃ প্রধান চারজন ফেরেশতার নাম হলো : (১) জিবরাইল (আ:) (২) মিকাইল (আ:) (৩) আজরাইল (আ:) (৪) ইসরাফিল (আ:)।

**৪। প্রশ্ন : আজরাইল (আ:) এর কাজ কী?**

উত্তর ঃ আজরাইল (আ:) এর কাজ হলো আল্লাহর হুকুমে সকল জীবের রুহ কবজ করা।

**৫। প্রশ্ন : জিবরাইল (আ:) এর কাজ কী?**

উত্তর ঃ জিবরাইল (আ:) এর কাজ হলো আল্লাহর বাণী নবি-রাসূলদের কাছে পৌঁছানো।

## সত্য/মিথ্যা নির্ণয়

(ক) ইবাদত অর্থ গোলামি করা। (সত্য)
(খ) ইবাদত করলে শয়তান খুশি হয়। (মিথ্যা)
(গ) ইবাদতকারী দুনিয়া ও পরকালে শান্তি পায়। (সত্য)
(ঘ) নামাযের শেষে ওযু করতে হয়। (মিথ্যা)
(ঙ) ওযুর ফরজ ৫টি । (মিথ্যা)
(চ) ইমানের পরেই নামাযের স্থান। (সত্য)
(ছ) দৈনিক পাঁচ ওয়াক্ত নামায ফরজ করা হয়েছে। (সত্য)
(জ) রোযা রাখা অবস্থায় খাবার খাওয়া যায়। (মিথ্যা)

(ঝ) শিশু ও পাগলদের জন্য রোযা রাখা ফরজ নয়। (সত্য)
(ঞ) হজ্জ অর্থ পবিত্রতা । (মিথ্যা)
(ট) জীবনে একবার হজ্জ করা ফরজ। (সত্য)
(ঠ) হজ্জ করতে হলে লন্ডনে যেতে হয়। (মিথ্যা)
(ড) যাকাত পাবে ধনীরা। (মিথ্যা)
(ঢ) যাকাত সম্পদকে পবিত্র করে। (সত্য)
(ণ) জান্নাত ৮টি। (সত্য)

## শূন্যস্থান পূরণ

(ক) আখিরাত শব্দের অর্থ -------------------। (পরকাল)
(খ) ------------- দিনকে হাশর বলে। (শেষ বিচারের)
(গ) জান্নাত হলো পরম ---------- ও ----------- স্থান। (সুখ, শান্তির)
(ঘ) ইবাদত অর্থ ------------ করা। (গোলামি)
(ঙ) ---------- করলে আল্লাহ্‌ খুশি হন। (ইবাদত)
(চ) ইবাদতকারী দুনিয়াতে------------- পায়। (শান্তি)
(ছ) নামাযের আগে ---------- করতে হয় । (ওযু)
(জ) ওযুর ফরজ ---------- টি। (৪টি)
(ঝ) দৈনিক -------------- নামায ফরজ করা হয়েছে। (পাঁচ ওয়াক্ত)
(ঞ) পবিত্র ---------- মাসে রোযা রাখা ফরজ। (রমজান)
(ট) হজ্জ --------- শব্দ। (আরবি)
(ঠ) জীবনে একবার হজ্জ করা ---------- । (ফরজ)
(ড) যাকাত শব্দের অর্থ ------------। (পবিত্রতা)
(ঢ) যারা ----------- ও --------- তারা যাকাত পাবে। (গরিব, অসহায়)
(ণ) জাহান্নাম --------- টি। (৭)

## সঠিক উত্তরটি খাতায় লিখতে হবে

(ক) আখিরাত হলো মৃত্যুর -আগের জীবন/পরের জীবন। উত্তর ঃ পরের জীবন।
(খ) আখিরাত শব্দের অর্থ- আগামীকাল/গতকাল/পরকাল। উত্তর ঃ পরকাল।

(গ) আমাদের আদি পিতা - হযরত আদম (আঃ) /হযরত নূহ (আঃ)। উত্তর ঃ হযরত আদম (আঃ)

(ঘ) আমাদের আদি মাতা-বিবি হাওয়া (আঃ)/বিবি খাদিজা (রাঃ)। উত্তর ঃ বিবি হাওয়া (আঃ)।

(ঙ) আল্লাহ্ যা নিষেধ করেছেন তা-হালাল/হারাম/সওয়াব। উত্তর ঃ হারাম।

(চ) প্রথমে আযান দেন- আলাল/হযরত বেলাল (রাঃ)। উত্তর ঃ হযরত বেলাল (রাঃ)

(ছ) মসজিদ হল- আল্লাহর ঘর/নবিদের ঘর/জ্বীনদের ঘর। উত্তর ঃ আল্লাহর ঘর।

(জ) মুহাম্মাদ (সঃ) এর কথা ও কাজকে বলে- কুরআন/হাদিস। উত্তর ঃ হাদিস।

(ঝ) আশুরা হল-১০ই মুহার্‌রম/১১ই মুহার্‌রম/২০শে মুহার্‌রম । উত্তর ঃ ১০ই মুহার্‌রম।

(ঞ) শিঙ্গায় ফুঁ দিবেন-জিবরাইল (আঃ)/ ইসরাফিল (আঃ) । উত্তর ঃ ইসরাফিল (আঃ) ।

(ট) হজ্জের ফরজ-৩টি/৪টি/৫টি। উত্তর ঃ ৩টি।

(ঠ) ইবাদত করলে আল্লাহ-বিরক্ত হন/রেগে যান/ খুশি হন। উত্তর ঃ খুশিহন।

(ড) ওযুর ফরজ-৫টি/৪টি/৩টি। উত্তর ঃ ৪টি।

(ঢ) শেষ বিচারের দিনকে বলে- আসর/হাশর/নাশর। উত্তর ঃ হাশর।

(ণ) জান্নাত হল- ১০৪টি/৪টি/৮টি। উত্তর ঃ ৮টি।